# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 03 April, 2025

কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলার একটি সীমান্তে নোম্যান্সল্যান্ডের কাছে ভারতের অভ্যন্তরে বিএসএফের রাবার বুলেটে এক ভারতীয় নাগরিকের মৃত্যুর খবর পাওয়া গেছে।নিহত ব্যক্তি চোরাকারবারী সন্দেহে গুলি করে সীমান্তরক্ষীরা।এ ঘটনায় সীমান্তের বাংলাদেশের অভ্যন্তরে আতঙ্ক বিরাজ করছে।বিজিবি বলছে টহল বাড়ানো হয়েছে।বিষয়টি নিয়ে পতাকা বৈঠকে আলোচনা হয়েছে।

বাংলাদেশ সীমান্তের লোকজন ও বিজিবি সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার (৩ এপ্রিল) ভোরে  উপজেলার গোরকমন্ডল সীমান্তের ৯২৯ নম্বর আন্তর্জাতিক সীমানা পিলারের ৩ নম্বর সাব পিলারের পাশে শুন্য লাইন থেকে প্রায় ২শ গজ ভারতের অভ্যন্তরে ভারতীয় মরাকুটি (ভোরাম পয়োস্তি) এলাকায় গুলির ঘটনাটি ঘটে।এরপরই  লালমনিরহাট ১৫ বিজিবি ব্যাটলিয়নের  গোরকমন্ডল বিজিবি ক্যাম্পের সদস্যরা সীমান্তে টহল জোরদার করে।রাবার বুলেট ছোড়ার ঘটনায় বিএসএফকে পতাকা বৈঠকের আহ্বান জানায় বিজিবি।বৈঠকের পর ভারতীয়র মরদেহ উদ্ধার করে বিএসএফ।

সকাল সাড়ে আটটা থেকে সকাল নয়টা পর্যন্ত বিজিবি-বিএসএফ পতাকা বৈঠক হয়।পতাকা বৈঠকে বিজিবির পক্ষে গোরকমন্ডল ক্যাম্পের কমান্ডার নায়েক সুবেদার ফিরোজ এবং বিএসএফের পক্ষে ৩ বিএসএফ ব্যাটলিয়নের অধীন ভারবান্দা গিদালদহ ক্যাম্পের কমান্ডার গিরিশ চন্দ্র নেতৃত্ব দেন।পতাকা বৈঠকের পর সকাল ১০টার দিকে ঘটনাস্থল থেকে গুলিতে নিহত ওই ভারতীয় চোরাকারবারীর লাশ নিয়ে যায় বিএসএফ।

বিজিবি সূত্রে জানা গেছে, রাবার বুলেটে নিহত ব্যক্তির নাম জাহানুর আলম (২৪)।ভারতের কোচবিহার জেলার দিনহাটা থানার গিদালদহ এলাকার ভোরাম পয়োস্তি গ্রামের কবিদুল ইসলামের ছেলে তিনি।

ওইদিন ভোরে একদল ভারতীয় চোরাকারবারী ওই সীমান্ত দিয়ে চোরাই মালামাল বাংলাদেশে নেয়ার চেষ্টা করলে ভারতের ভারবান্দা ক্যাম্পের টহলরত বিএসএফ সদস্যরা তাদের লক্ষ্য করে ৬ রাউন্ড রাবার বুলেট ছোড়ে।এতে দলের সদস্য জাহানুর ঘটনাস্থলে পানিতে পড়ে যায়।বাকিরা পালিয়ে গেলেও ঘটনাস্থলে মারা যায় জাহানুর।

এসময় গোলাগুলির শব্দে দুই দেশের সীমান্ত এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।সকাল ১১ টার দিকে লালমনিরহাট ১৫ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্নেল মেহেদী ইমাম ওই সীমান্ত এলাকা পরিদর্শন করেন।

লালমনিরহাট ১৫ বিজিবি ব্যাটলিয়নের অধিনায়ক লে: কর্নেল মেহেদী ইমাম বলেন, ভোরবেলা সীমান্তে গুলির শব্দ শুনে আমাদের বিজিবিরা টহল জোরদার করে এবং বিএসএফের কাছে কারণ জানতে চাওয়া হলে তারা পতাকা বৈঠকে জানায় ভারতীয়রা তাদের ক্যাম্পে হামলা চালানোর চেষ্টা করলে বিএসএফ আত্নরক্ষার্থে রাবার বুলেট ছোড়ে।এতে এক ভারতীয় হামলাকারী নিহত হয়েছে।আমরা খোঁজ নিয়েছি আমাদের কোন মিসিং নেই।এটা ভারতের অভ্যন্তরীন বিষয়।

বিএসএফ রাবার বুলেট মৃত্যু সীমান্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:04

URL: https://timestodaybd.com/rangpur/775807259